

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪০৬  
আগরতলা, ৩০ ডিসেম্বর, ২০২৩

### দু'দিন ব্যাপী খেলো ত্রিপুরা প্যারা গেমস-২০২৩ সমাপ্ত

রাজ্যে এই প্রথমবারের মতো দু'দিন ব্যাপী খেলো ত্রিপুরা প্যারা গেমস-২০২৩ আজ স্বামী বিবেকানন্দ ময়দানে সমাপ্ত হয়েছে। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর যৌথভাবে এই গেমসের আয়োজন করে। এতে বিভিন্ন ক্রীড়া ইভেন্টের প্রতিযোগিতায় রাজ্যের ৮ জেলার ৩৬৪ জন দিব্যাঙ্গজন যুবক যুবতী অংশ নেয়। এছাড়া উত্তর জেন বনাম দক্ষিণ জেনের মধ্যে প্রীতি ফুটবল ও ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয়। সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিক্কু রায়, আগরতলা পুরনিগম্বের উত্তর জেনের চেয়ারম্যান প্রদীপ চন্দ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা স্মিতা মল, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যৱত নাথ, ত্রিপুরা ক্রীড়া পর্ষদের যুগ্ম সচিব স্বপন সাহা, সমাজসেবী রাজীব ঘোষ প্রমুখ।

খেলো ত্রিপুরা প্যারা গেমসে ৫০ মিটার দৌড়, রিং থ্রো, শটপাট থ্রো, দাবা, ক্যারম, স্ট্যান্ডিং ব্রড জাম্প, টাগ অব ওয়ার, মিউজিক্যাল বল ও মিউজিক্যাল চেয়ার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা উপলক্ষে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৩০টি সরকারি দপ্তরের প্রদর্শনীস্টল খোলা হয়। দিব্যাঙ্গজনরা এই প্রদর্শনী স্টলগুলি থেকে বিভিন্ন পরিমেবার সুবিধা গ্রহণ করেন। শিবিরে জেলা প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্রে নতুন ১০৩ জন দিব্যাঙ্গজনের নাম নথিভুক্ত করা হয়েছে। শিবিরে ৫২ জনকে ইউনিক ডিজেবিলিটি আইডেন্টিটি কার্ড দেওয়া হয়।

প্রতিযোগিতা শেষে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী এবং অন্যান্য অতিথিগণ বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের হাতে পুরস্কার ও শংসপত্র তুলে দেন। সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখেন ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব অপু রায়। ধন্যবাদজ্ঞাপন করেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যৱত নাথ। প্রতিযোগিতা উপলক্ষে অনুষ্ঠিত হয় বর্ণাত্য সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*